





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা  
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.৯৪

তারিখ: ২১ বৈশাখ ১৪২৭  
০৮ মে ২০২০

**বিষয়:** করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকক্ষে শর্তসাপেক্ষে সাধারণ ছুটি/চলাচলে নিষেধাজ্ঞার সময়ে বিভিন্ন কার্যক্রম সীমিতভাবে শুরু করা

**সূত্র:** মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ মে ২০২০ তারিখের ০৮.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.৯২ নম্বর স্মারক

কোভিড-১৯ রোগের বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সার্বিক পরিস্থিতি বিবেচনায় সরকার আগামী ৭ মে ২০২০ থেকে ১৬ মে ২০২০ পর্যন্ত (সাপ্তাহিক ছুটিসহ) সাধারণ ছুটি/জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা/সীমিত করার বিষয়ে সিঙ্কান্ত গ্রহণ করেছে। উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত পত্রে (কপি সংযুক্ত) বর্ণিত শর্তাদির মধ্যে প্রযোজ্য বিষয়গুলী বিবেচনা করে দেশের বিভিন্ন জেলা/উপজেলাসমূহ অভ্যন্তরীণভাবে ব্যবসা/বাণিজ্য, দোকান-পাট, শপিংমলসহ অন্যান্য কার্যাবলী আগামী ১০ মে, ২০২০ থেকে সীমিত আকারে খুলে দেয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হলো। তবে এ ক্ষেত্রে আন্তঃজেলা, আন্তঃউপজেলা যোগাযোগ/চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।

২। হাট-বাজার, ব্যবসা কেন্দ্র, দোকান-পাট ও শপিংমলগুলো সকাল ১০ টা হতে বিকাল ৪ টার মধ্যে সীমিত রাখতে হবে। সেসঙ্গে প্রতিটি শপিংমল-এ প্রবেশের ক্ষেত্রে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঘোষিত সতর্কতা গ্রহণ করতে হবে।

৩। আসম সৌদের ছুটিতে জনগণকে নিজ নিজ স্থানে থাকতে হবে এবং আন্তঃজেলা/উপজেলা/বাড়িতে যাওয়ার ভ্রমণ থেকে নিষ্পত্তি করতে হবে।

এমতাবস্থায় সূত্রোক্ত স্মারকে প্রেরিত পত্রের শর্তাবলীসহ উপরোক্ত বিষয় বিবেচনা করে তার বিভাগের অধীনস্থ অফিস/অধিদপ্তর/বাহিনী/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা জারির জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: বর্ণনামতে ১(এক) পৃষ্ঠা।

(মো: শাহিদুল ইসলাম)  
উপসচিব

ফোন: ৯৫৫১১০৭  
ই-মেইল: faco\_sec@cabinet.gov.bd

#### বিতরণ:

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। কর্মশনার (সকল)
- ৫। জেলা প্রশাসক (সকল)

#### অনুলিপি:

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা